বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ

(নেজারত শাখা)

www.manikganj.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নম্বর : ০৫.৪১.৫৬০০.২০২.০১.০০১.২০২১-৭২০

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৯.১৫-১৮৬, ১৮৭ এবং ০৩ অক্টোবর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৯.১৫-২২৫ নং স্মারকের পরিপ্রেক্ষিতে মানিকগঞ্জ জেলার জেলা প্রশাসকের কার্যালয়, সার্কিট হাউস ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রঃ নং | দপ্তরের নাম | পদের নাম | পদসংখ্যা | বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
| ০১ | জেলা প্রশাসকের কার্যালয় এবং অধিনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহায়ক | ১৩ (তেরো)টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | পরিচ্ছন্নতা কর্মী | ১০ (দশ)টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | নিরাপত্তা প্রহরী | ১৫ (পনের) টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে |
| | | মালি | ০১ (এক)টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | সার্কিট হাউস, মানিকগঞ্জ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ (এক)টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | মালি | ০১(এক) টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | বেয়ারার | ০২ (দুই)টি | গ্রেড-২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | বাবুর্চি | ০১ (এক)টি | গ্রেড--২০<br>স্কেল ঃ ৮,২৫০-২০,০১০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) রান্নার কাজে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |

## ঃ শর্তাবলী ঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক, মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জেলা প্রশাসন, মানিকগঞ্জ এর ওয়েবসাইট www.manikganj.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করে জেলা প্রশাসক মানিকগঞ্জ, বরাবর স্ব-হস্তে আবেদন ফরম পূরণ করে আগামী ২৫.১১.২০২১ তারিখে অফিস চলাকালীন ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩। প্রার্থীর বয়স ২৫.১১.২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি নাতনিদের ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ আগস্ট ২০২১ তারিখে প্রকাশিত পত্র নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ এর নির্দেশনা মোতাবেক ২৫ মার্চ, ২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়স সীমায় পৌঁছেছেন তারাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্তি করতে হবে ঃ

ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

গ) সদ্য তোলা ৫ X ৫ সে.মি. সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

ঘ) প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য), জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা হতে ১-০৭৪২-০০০১-২০৩১ নং কোডে ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

চ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও ঠিকানা সম্বলিত ৯.৫´´ X৪.৫´´ সাইজের (১০/-(দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ) একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

০৫। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা নাতি/ নাতনি হিসেবে চাকরি প্রার্থীকে আবেদনপত্রের সাথে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (যথাযথ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত কপি) সংযুক্ত করতে হবে। এছাড়া সরকারি গেজেট/ মুক্তিবার্তায় প্রকাশিত উক্ত বীর মুক্তিযোদ্ধার নাম ও পরিচয় সম্বলিত তথ্যাদির কপিও দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনি হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনি এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সনদপত্রে সত্যায়িত কপি।

০৬। প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজসেবা অধিদপ্তর, মানিকগঞ্জ এর নিকট হতে তালিকাভুক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি, আনসার ও ভিডিপি'র ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত মৌলিক প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৭। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন গ্রহণ যোগ্য হবে না।

০৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সীল মোহর থাকতে হবে।

০৯। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১০। কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১১। পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের ক্ষেত্রে 'জাত হরিজন সনদ' পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হবে।

১২। খামের ওপর স্পষ্টাক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। আবেদনকারী কোনো তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোনো শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মুহাম্মদ আব্দুল লতিফ
জেলা প্রশাসক
মানিকগঞ্জ
ফোন :০২৯৯৬৬১০৩৯৫
e-mail : dcmanikganj@mopa.gov.bd

স-২৪২৩ (১০×৪)